

ত্রিপুরা সরকার
খাদ্য, জন সংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর
আগরতলা, ত্রিপুরা ।

-: নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি :-

সেহা নংএফ.২-১(২)-ইএসটিটি/ডিএফ/২০১০ইং(পি-১)/

তাং-আগরতলা ১৪/০৫/২০১৫ইং ।

খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরে ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে ৮৩ টি সিনিয়র স্টোর-গার্ড (গ্রুপ-সি) এর (দিবা রাত্র গোডাউন পাহারার জন্য) শূন্য পদে (সাধারণ-৪৬, তনুধ্যে ১টি পদ শারীরিক প্রতিবন্ধী, তপশীলি জাতি-১৪ তনুধ্যে ১টি পদ শারীরিক প্রতিবন্ধী ও তপশীলি উপজাতি-২৩) স্থির বেতনে মাসিক ৫,৭৮০/- টাকা হারে নিয়োগের জন্য দরখাস্ত এবং পাশাপাশি ইন্টারভিউ (Interview) তে অংশ গ্রহন করার জন্য আহ্বান করা হচ্ছে । প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক উত্তীর্ণ হতে হবে । বয়স ১৮ থেকে ৪০ বৎসর সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে এবং সরকারী নিয়ম অনুসারে তপশীলি জাতি/তপশীলি উপজাতি/ শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৫ বৎসর শিথিল যোগ্য । ইচ্ছুক প্রার্থীকে সাদা কাগজে খাদ্য অধিকর্তা বরাবরে দরখাস্তের সঙ্গে (১) শিক্ষাগত যোগ্যতা (২) নাগরিকত্ব/ পি,আর.টি.সি (৩) জন্মের তারিখ ও বয়স (৪) স্থায়ী ঠিকানা (৫) তপশীলি জাতি/ তপশীলি উপজাতি/ শারীরিক প্রতিবন্ধী প্রমাণ পত্র (৬) এমপ্লয়মেন্ট কার্ড (৭) রেশন কার্ড এবং (৮) অন্যান্য যোগ্যতাবলী (সাংস্কৃতিক ও ক্রীড়া ক্ষেত্রে) প্রমাণ পত্র, ইত্যাদি ডকুমেন্টের স্ব-প্রত্যায়িত কপি সহ ইচ্ছুক আবেদকারীদের ২০শে মে ২০১৫ইং থেকে ৩০শে মে ২০১৫ইং পর্যন্ত প্রতিদিন বেলা ১১ ঘটিকা হইতে ৪ ঘটিকা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) নিজ নিজ মহকুমা শাসক (খাদ্য দপ্তর) অফিসে জমা দিতে হবে এবং ইন্টারভিউর (সাক্ষাৎকার) দিন সঙ্গে অরিজিনাল কাগজপত্র আনতে হবে ।


দরখাস্তের নমুনা :- (ক) প্রার্থীর নাম (খ) পিতার/স্বামীর নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) শিক্ষাগত যোগ্যতা (চ) জন্মের তারিখ ও বর্তমান বয়স (৩০শে এপ্রিল ২০১৫ইং অদি) (ছ) নাগরিকত্ব/ পি,আর.টি.সি (জ) তপশীলি জাতি/ তপশীলি উপজাতি প্রমাণ পত্র (ঝ) এমপ্লয়মেন্ট কার্ড নং (ঞ) শারীরিক প্রতিবন্ধী প্রমাণ পত্র (ট) রেশন কার্ড নং ও রেশন দোকানের নাম (ঠ) অন্যান্য যোগ্যতাবলী (সাংস্কৃতিক ও ক্রীড়া ক্ষেত্রে) প্রমাণ পত্র সহ (ড) প্রার্থীর পূর্ণ স্বাক্ষর ও তারিখ ।

সাক্ষাৎকারের স্থান, তারিখ ও সময় যথাযথ সময়ে পরবর্তী কালে স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে ।

বিশেষ দৃষ্টব্য :- (১) যে সমস্ত প্রার্থী বিগত ১লা সেপ্টেম্বর ২০১২ইং তারিখে স্থানীয় পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তিমূলে আবেদনপত্র জমা দিয়েছেন অথচ ইতিমধ্যে চাকুরীর বয়স শেষ হয়ে গেছে, তারাও বর্তমান বিজ্ঞপ্তি মোতাবেক দরখাস্ত করতে পারবেন ।

(২) শূন্য পদের সংখ্যা বাড়তে বা কমতে পারে ।

(৩) প্রয়োজনে দপ্তর ইন্টারভিউ বাতিল অথবা পুনরায় নিতে পারবে ।


অধিকর্তা 14.5.15

খাদ্য, জনসংভরণ ও
ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর,
ত্রিপুরা, আগরতলা ।